

~~DD (ATM)~~
Date: ১৮/০৮/২০২১
Place: Bangladesh

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

শৃঙ্খলা ও তদন্ত শাখা

www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ৮২৬৭

তারিখ: ০৮/০৮/২০২১ খ্রি।

বিষয়: দ্বিতীয় কারণ দর্শনো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) সদর দপ্তর প্রকৌশল বিভাগে নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত অবস্থায় পরিবারবর্গ ও আঞ্চলিক-স্বজনের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে বিগত ১৭/০৮/২০২১ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে বিনামূলতিতে বিদেশে অবস্থান করায় অনুপস্থিতির তারিখ হতে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করে আপনার বিরুদ্ধে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’-এর অভিযোগ আনয়ন করে বিগত ১৩/০৮/২০২১ তারিখ বিভাগীয় মামলা নং-১৪/২০২১ বুজু করা হয়;

MA/RO
Golam
৭/৪/২৩

২.০ যেহেতু, বর্ণিত বিভাগীয় মামলায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করা হয় এবং তদন্তে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’-এর অভিযোগ প্রমাণিত হলে আপনাকে দেষী সাব্যস্ত করে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(অ) বিধি অনুযায়ী সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে নিম্নপদে অবনমিতকরণ গুরুদত্ত আরোপ করে স্যারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৯২৫৫ তারিখ: ২৮/০৮/২০২২ এর মাধ্যমে অফিস আদেশ জারি করা হয় এবং আদেশের তারিখ পর্যন্ত অননুমোদিত ছুটিকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঙ্গুর করে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ নিষ্পত্তি করণসহ সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়;

৩.০ যেহেতু, বর্ণিত বিভাগীয় মামলাটি নিষ্পত্তিকরণপূর্বক সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলেও আপনি কাজে যোগদান না করে যুক্তরাষ্ট্র হতে ০৮/০৫/২০২২ ও ২০/০৫/২০২২ তারিখে স্বাক্ষরিত শারীরিক অসুস্থতার দু'টি আবেদনপত্র ই-মেইলে বেবিচকে প্রেরণ করেন যা কর্তৃপক্ষ কর্তৃক নাকচ করা হয়;

৪.০ যেহেতু, বিভাগীয় মামলা নিষ্পত্তির চূড়ান্ত আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় অতিক্রান্ত হলে ও আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী ‘পলায়ন’-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় আপনার বিরুদ্ধে স্যারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৭৫৩ তারিখ: ২৭/০৭/২০২২ মূলে পুনরায় বিভাগীয় মামলা নং-১৪/২০২২ বুজু করা হয় এবং অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ আপনার ব্যক্তিগত ই-মেইল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৫.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি এবং নির্ধারিত সময় পর আপনার ২৩/০৮/২০২২ তারিখের স্বাক্ষরিত একটি সময় বর্ধিতকরণের আবেদন পাওয়া যায় যা প্রবিধানমালা মোতাবেক গ্রহণযোগ্য না হওয়ায় বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিক্কাত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ২৭/০৩/২০২৩ তারিখ প্রতিবেদন দাখিল করেন; এবং

৬.০ যেহেতু, আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত ‘পলায়ন’-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে;

৭.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) বিধি মোতাবেক বেবিচক আপনাকে ‘চাকরি হতে বরখাস্তকরণ’ গুরুদত্ত আরোপের সিক্কাত গ্রহণ করেছে।

৮.০ সেহেতু, উক্ত সিক্কাত মোতাবেক কেন আপনার প্রতি ‘চাকরি হতে বরখাস্তকরণ’ গুরুদত্ত আরোপ করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(৬) প্রবিধি মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শনোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একত্রফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব মোঃ শহীদুজ্জামান

সহকারী প্রকৌশলী (সিভিল), প্রকৌশল বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বর্তমান ঠিকানা: বাসা নং-৪১, রোড নং-০৩, সেক্টর নং-০৩, উত্তরা, ঢাকা।

স্থায়ী ঠিকানা: শহীদ বাচু সরণী, হরিকুমারিয়া, ডাকঘর, থানা ও জেলা-মাদারীপুর।

বহিঃবাংলাদেশ ঠিকানা:

86-73 107st, Jamaica Avenue, NY-11418, USA.

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডিউসি, পিএসসি

চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

ফোন: ৮৯০১৪০০

পাতা-০২

অনুলিপি:

- ১। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রিটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।
- ৩। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউসি, এএফডিউসি, পিএসসি
চেয়ারম্যান